ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা 7 কলাম 8......

04 2002

# ছাত্রলীগের স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচি পালিত

কাগজ প্রতিবেদক : কেন্দ্রীয় সভাপতি, সাধারণ সম্পাদসহ গ্রেপ্তারকৃত নেতৃবৃন্দের মুক্তি, ড. সুলতানা শফিসহ ১৮ ছাত্রীর বিরুদ্ধে দায়েরকৃত মামলা প্রত্যাহারসহ বিভিন্ন দাবিতে ছাত্রলীগ গতকাল স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঘেরাও কর্মসূচি পালন করে।

কেন্দ্রীয় কার্যালয় থেকে ছাত্রলীগ নেতাকর্মীরা গতকাল বিক্ষোভ মিছিল শুরু করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় অভিমুখে আসতে চাইলে জিরো পয়েন্টের কাছে পুলিশ বাধা দেয়। পুলিশি বাধা অতিক্রম করে মিছিল নিয়ে ছাত্রলীগ নেতাকর্মীরা সামনে অগ্রসর হলে পুলিশ আবার তাদের বাধা দেয়। পুলিশি বাধার মুখে মিছিলটি কেন্দ্রীয় কার্যালয়ে ফিরে এসে সমাবেশে মিলিত হয়।

সমাবেশে নেতৃবৃন্দ বলেন, শামসুন্নাহার হলে পুলিশি নির্যাতনের ঘটনায় কেবল ভিসি-প্রক্টর নয়, স্বরাষ্ট্রমন্ত্রীও দায়ী। তার নির্দেশেই ভিসি, প্রক্টর এ কাজ করেছে। নেতৃবৃন্দ অবিলম্বে স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগ দাবি করেন।

মারুফা আক্তার পপির সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাইফুজ্জামান শিখর প্রমুখ।